কালিগঞ্জের লিচু বাগান থেকে যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার

ঝিনাইদহের কালিগঞ্জ উপজেলার সুন্দরপুর ইউনিয়নের রাজবাড়ি গুঞ্জনগর মাঠে একটি ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ।

গতকাল শনিবার বিকেলের দিকে মোস্তফা মোর্শেদের লিচু বাগানে ফল গাছে ওষুধ দিতে গিয়ে কোলা বাজার এলাকার বাসিন্দা কিনু দাস প্রথম ঝুলন্ত লাশটি দেখতে পান। এ সময় তিনি চিৎকার করলে আশপাশের লোকজন ঘটনাস্থলে ছুটে আসে এবং বিষয়টি কালিগঞ্জ থানা পুলিশকে জানানো হয়।

প্রথমে কেউ মৃত ব্যক্তির পরিচয় শনাক্ত করতে না পারলেও পরে জানা যায়, মৃত ব্যক্তি শৈলকূপা উপজেলার খন্দকবাড়িয়া গ্রামের শহিদুল ইসলামের ছেলে জসিম উদ্দিন (২৮)। তিনি কালিগঞ্জ ভূষণ স্কুলের পাশে ঝন্টুর বাড়িতে ভাড়া থাকতেন এবং পেশায় দিনমজুর ছিলেন। জসিম উদ্দিনের আট বছর বয়সী একটি সন্তান রয়েছে।

খবর পেয়ে কালিগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ঝুলন্ত অবস্থায় লাশ উদ্ধার করে। তবে মৃত্যুর কারণ এখনও নিশ্চিত হওয়া যায়নি। কালিগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জেল্লাল হোসেন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করেছে। এটি আত্মহত্যা নাকি হত্যাকাণ্ড, তা ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর নিশ্চিত হওয়া যাবে। লাশ উদ্ধারের সময় মৃত ব্যক্তির পকেট থেকে একটি বাটন মোবাইল ফোন পাওয়া গেছে, যা থেকে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যেতে পারে। লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।